# সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের কর্মকর্তা, অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি এবং বিভাগীয় যুগ্ম নিবন্ধকগণের সমন্বয়ে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
স্থানঃ সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা'
তারিখঃ ১৭/১১/২০২২খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০টায়

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা শুরু করেন। এ পর্যায়ে সভার সভাপতি নিবন্ধক ও মহাপরিচালক যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। দ্বি-মাসিক সমন্বয় সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ। | বিগত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৩১৪/১(৫০)স/মু, তারিখ- ১৩/০৯/২০২২ খ্রিঃ মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দ্বিমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | মাঠ পর্যায় হতে প্রেরিত সমবায় অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়াদি। | বিভিন্ন দপ্তরে দীর্ঘদিন সংযুক্তিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে, কেননা মাঠ পর্যায়ে বিভিন্ন পদে জনবল শূন্য রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। একই কর্মস্থলে যে সকল কর্মকর্তা/কর্মচারী ০৩ বছরের বেশী সময় কর্মরত রয়েছেন, সে সকল কর্মকর্তা/কর্মচারীদের বদলীর ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/কর্মচারী বদলী নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) সংযুক্তির আদেশসমূহ পর্যায়ক্রমে বাতিল করতে হবে। বিশেষ করে উপজেলা সমবায় অফিসারদের সংযুক্তির আদেশ বাতিল করতে হবে।<br>(খ) ১১ হতে ২০ গ্রেড পর্যন্ত কর্মচারীদের একই কর্মস্থলে ০৩ বছরের অধিক হলে সরকারি কর্মকর্তা/কর্মচারী বদলী নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মাঠ পর্যায়ে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল) কে নির্দেশনা প্রদানপূর্বক পত্র জারি করতে হবে। | অতিঃ নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)<br>-ঐ- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ২০০৭ সাল জারিকৃত কর্মবন্টনে যেসব বিষয়গুলো হালনাগাদ করা প্রয়োজন, তা সুনির্দিষ্টভাবে প্রস্তাব দাখিলের জন্য একটি কমিটি গঠন করতে হবে। নিম্নরূপভাবে কমিটি গঠন বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>০১। অতিঃ নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)-সভাপতি<br>০২। অধ্যক্ষ, (বা.স.এ)- সদস্য<br>০৩। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, ঢাকা- সদস্য<br>০৪। যুগ্ম-নিবন্ধক, (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ)-সদস্য<br>০৫। জেলা সমবায় অফিসার, ঢাকা-সদস্য<br>০৬। উপ-নিবন্ধক (প্রশাসন)-সদস্য সচিব | (গ) বিগত ২৯/০৮/২০০৭ খ্রিঃ তারিখে স্মারক নং ২৩/৯৫জি-১২০১/১(৬৩)এ/ও মূলে জারিকৃত কর্মবন্টনের বিষয়গুলো হালনাগাদ ও সুনির্দিষ্টকরণের লক্ষ্যে বিগত ২৩/১১/২০২২ খ্রিঃ তারিখে আদেশ নং- ৯৭৩(৮)-এ/ও; মূলে গঠিত কমিটি বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ ও সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক এ কাজের অগ্রগতি আগামী সভায় অবহিত করতে হবে। | যুগ্ম নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |
| ০৩. | বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনসমূহের প্রশিক্ষণ অগ্রগতি, নতুন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন এবং বাংলাদেশ সমবায় একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন। | বাংলাদেশ সমবায় একাডেমির অধ্যক্ষ জানান, বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনসমূহে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। | (ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা |
| | | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভাকে জানান বার্ড ও বাংলাদেশ সমবায় একাডেমির সম্পূর্ণ জায়গায় সমন্বিতভাবে মাষ্টার প্লান করা হবে। এই মাষ্টার প্লানের মধ্যে বাংলাদেশ সমবায় একাডেমির অবস্থান যথাযথভাবে নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ইতোপূর্বে সমবায় অধিদপ্তর হতে বাংলাদেশ সমবায় একাডেমিকে পত্র দিয়ে একটি কমিটি গঠনপূর্বক আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটগুলোর হোস্টেল ভবন ও একাডেমিক ভবনগুলোর নকশা তৈরী করে এ দপ্তরে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে একটি কোম্পানিকে দিয়ে হোস্টেল ভবনের G+9 এবং একাডেমিক ভবনের G+6 নকশা প্রস্তুত করা হয়েছে। | (খ) বার্ড ও বাংলাদেশ সমবায় একাডেমির সম্পূর্ণ জায়গায় সমন্বিতভাবে মাষ্টার প্লানের মধ্যে বাংলাদেশ সমবায় একাডেমির অবস্থান যথাযথভাবে নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।<br>(গ) পরিকল্পনা ও উন্নয়ন শাখার নির্দেশনা অনুযায়ী চাহিত তথ্য সরবরাহ করতে হবে। | -ঐ-<br>-ঐ- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বরিশাল সভায় জানান বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটগুলোতে সমবায় প্রফেশনাল কোর্স ০৩(তিন) মাস মেয়াদি চালু করা যায় কিনা এবং এর পাশাপাশি দীর্ঘ মেয়াদী কম্পিউটার কোর্স চালু করা যায় কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রয়োজনে ০১ কোটি টাকার প্রকল্প নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) বাংলাদেশ সমবায় একাডেমিতে ০৩(তিন) মাস মেয়াদী কোর্স এবং দীর্ঘ মেয়াদী কম্পিউটার কোর্স চালু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা |
| | | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভাকে জানান একাডেমি প্রতি বছর একটি করে গবেষণা করে থাকে। এ বছরে বাংলাদেশ সমবায় একাডেমিতে 'সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র মাঝারী উদোক্তা সৃষ্টি' নামে গবেষণা গ্রন্থ প্রস্তুত করা হয়েছে। যা আনুষ্ঠানিকতার মাধ্যমে মোড়ক উন্মোচন করলে বিষয়টি ফলপ্রসু হবে মর্মে সভায় মত প্রকাশ করেন। | (ঙ) একাডেমিক ফোরামের আয়োজন করে 'সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র মাঝারী উদোক্তা সৃষ্টি' নামক গবেষণা গ্রন্থটি উপস্থাপন করতে হবে। | -ঐ- |
| | | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, খুলনা সভাকে জানান মেহেরপুর ও মনিরামপুরে চলমান প্রকল্পে ১২৬০ জনকে প্রশিক্ষণ ও ঋণ প্রদানের লক্ষ্য ছিল। কিন্তু অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৯৪৫(৭৫%) জনকে প্রশিক্ষণ প্রদানের বরাদ্দ (৫০%) পাওয়া গিয়েছে। বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটগুলোতে ১০টি কোর্সের মাধ্যমে ২৫০ জন সুবিধাভোগীকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (চ) মেহেরপুর ও মনিরামপুরে চলমান প্রকল্প এলাকার কাছাকাছি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা, কুষ্টিয়া এবং ফরিদপুর এর সাথে যোগাযোগ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, খুলনা |
| ০৪. | অডিট অগ্রগতি ও অডিট ফি (কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতির ধার্য ও আদায় সংক্রান্ত পৃথক তথ্যসহ) আদায়ের অগ্রগতি। | শতভাগ অডিট নোট পর্যালোচনা, শতভাগ অডিট নোটের উপর অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল এবং ৫% হারে টেষ্ট অডিট সম্পাদন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) শতভাগ অডিট নোট পর্যালোচনা, শতভাগ অডিট নোটের উপর অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল এবং ৫% হারে টেষ্ট অডিট সম্পাদন করতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন)/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল) |
| | | অডিট অগ্রগতি ও অডিট ফি এর ছক যুগোপযোগী করে মাঠ পর্যায়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) অডিট অগ্রগতি ও অডিট ফি এর ছক যুগোপযোগী করে মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | অডিট ফি সঠিক ভাবে ধার্য ও আদায় করতে হবে। বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণ কর্তৃক সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করতে হবে। এ দপ্তরের অডিট ও আইন শাখা এ বিষয়টি পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (গ) বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণকে সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাই করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অডিট সম্পাদন ও অডিট ফি আদায় ১০০% নিশ্চিত করতে হবে।<br><br>(ঘ) অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন)/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন) |
| ০৫. | সমবায় উন্নয়ন তহবিল আদায় অগ্রগতি | ২০২১-২০২২ খ্রিঃ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, সমবায় উন্নয়ন তহবিল ধার্যকৃত সমিতির সংখ্যা সঠিক ভাবে নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণ সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং এ দপ্তরের ইপিপি শাখা কর্তৃক বিষয়টি পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ২০২১-২০২২ খ্রিঃ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, ধার্যকৃত সমিতির সংখ্যা নির্ধারণ ও সমবায় উন্নয়ন তহবিল সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% আদায় নিশ্চিত করতে হবে।<br><br>(খ) অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>যুগ্ম-নিবন্ধক (ইপিপি) |
| ০৬. | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি অগ্রগতি পর্যালোচনা। | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাগুলোর নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচ্য ২ মাসে উচ্চ আদালতে ৫ টি মামলা এবং নিম্ন আদালতে ২ টি মামলা নিষ্পত্তি হয়েছে মর্মে সভায় জানানো হয় এবং অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | (ক) অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বিশেষ করে যে সকল মামলার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্টতা রয়েছে, সেগুলো বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন)/বিভাগীয় যুগ্ম- নিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (প্রশাসন) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৭. | তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ তৈরি/হালনাগাদ; | তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে নিয়মিত উক্ত নির্দেশনার আলোকে সকল কাজ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা মোতাবেক প্রধান কার্যালয়ের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে। প্রস্তুতকৃত তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স নির্দেশনা মোতাবেক আগামী ২৯ ডিসেম্বর/২০২২ এর মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হবে। | (ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে হালনাগাদ রাখতে হবে।<br><br>(খ) এ দপ্তরের প্রধান কার্যালয়ের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স নির্দেশনা মোতাবেক আগামী ২৯ ডিসেম্বর/২০২২ এর মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>তথ্য প্রদানকারী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, সমবায় অধিদপ্তর |
| ০৮. | এপিএ/জিআরএস/আরটিআই/এনআইএস /সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি; | এপিএ/জিআরএস/ আরটিআই/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>অতিঃ নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর জানান লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ এর অর্জন ভাল অবস্থায় রয়েছে। তবে সমিতির এজিএম সম্পাদনের হার কম। সমিতির এজিএম ১০০% সম্পন্ন করার উদ্যোগ নিতে হবে। ঢাকা ও চট্রগ্রাম বিভাগের ই-নথি ও ওয়েব পোর্টাল কিছুটা দুর্বল অবস্থায় রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | (ক) এপিএ / জিআরএস / আরটিআই / এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br><br>(খ) সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে হালনাগাদ করতে হবে।<br><br>(গ) সমিতির এজিএম ১০০% সম্পাদনের এর উদ্যোগ নিতে হবে।<br><br>(ঘ) ঢাকা ও চট্রগ্রাম বিভাগ ই-নথি ও ওয়েব পোর্টালের বিষয়ে অগ্রগতি আগামী সভায় অবহিত করবেন। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)/ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, ঢাকা ও চট্রগ্রাম |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৯. | ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত; | যুগ্ম-নিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় হতে ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত চাহিত তথ্য ছক মোতাবেক সঠিকভাবে প্রেরণ এবং এ সংক্রান্ত তথ্যের ছকের বিষয়ে কোন মতামত/সুপারিশ থাকলে তা উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণের জন্য বলা হয়। সে পরিপ্রেক্ষিতে রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগ হতে মতামত পাওয়া গিয়েছে। বিগত সভায় ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত বিষয় নিয়ে পৃথকভাবে সভার আয়োজন করার জন্য বলা হয়। সে পরিপ্রেক্ষিতে পৃথকভাবে সভার আয়োজন করা হয় এবং সভার সিদ্ধান্তসমূহ মাঠ পর্যায় প্রেরণ করা হয়েছে।<br><br>প্রতি মাসের ৫ তারিখের মধ্যে এ সংক্রান্ত মাসিক রিটার্ন এবং মাসিক রিটার্নের সাথে ব্যাংক হিসাব বিবরণী সংযুক্ত করে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত মাসিক রিটার্ন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে এবং মাসিক রিটার্নের সাথে ব্যাংক হিসাব বিবরণী সংযুক্ত করে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে।<br><br>(খ) আবর্তক তহবিল হতে ঋণ প্রদানের ক্ষেত্রে সমন্বিত নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সমন্বিত নীতিমালার খসড়া আগামী ১৫ দিনের মধ্যে প্রণয়নপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>যুগ্ম-নিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| ১০. | স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সমবায় অধিদপ্তরের (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়) অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি; | সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১২টি এবং সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তর সমূহের ২৬৮টি। গত ১৪/০২/২০২২খ্রিঃ হতে ১৭/০২/২২ খ্রিঃ পর্যন্ত ০৪ দিন ব্যাপী অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় মাঠ পর্যায়ের ২২৮ অডিট আপত্তি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সভায় মাঠ পর্যায়ের ২২৮টি অডিট আপত্তির মধ্যে ১৪৪টি অডিট আপত্তি যথাযথ প্রমাণক প্রাপ্তি সাপেক্ষে নিষ্পত্তির সুপারিশ করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যবিবরণী স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে দাখিল করা হয়েছে। উক্ত দপ্তর কর্তৃক নভেম্বর/২২ মাসে ২৮টি আপত্তি নিষ্পত্তির ছাড়পত্র প্রদানসহ মোট ৪৩টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br>এছাড়া চট্টগ্রাম বিভাগের ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গত ১৭/০৮/২২খ্রিঃ তারিখে অডিট অধিদপ্তরের প্রতিনিধি এবং সমবায় অধিদপ্তরের প্রতিনিধিসহ বিভাগীয় সমবায় দপ্তর চট্টগ্রামে একটি দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪০টি আপত্তির মধ্যে ৩৭টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়, যা যথাযথ প্রমানকসহ সমবায় | (ক) সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের এবং মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)/ উপ-নিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | অধিদপ্তরের স্মরক নং- ১২৬৬, তারিখ- ৩০/১০/২২খ্রিঃ মূলে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | | |
| ১১. | বাংলাদেশ সমবায় ব্যাংক এর বিনিয়োগকৃত পল্লী প্রকল্প ঋণের খেলাপী ঋণ আদায় অগ্রগতি সংক্রান্ত; | যুগ্ম-নিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) সভাকে জানান মাঠ পর্যায়ে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর বিনিয়োগকৃত পল্লী প্রকল্প ঋণের খেলাপী ঋণ আদায়ের কম। এ বিষয়ে বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণ কর্তৃক সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশনা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর বিনিয়োগকৃত পল্লী প্রকল্প ঋণের খেলাপী ঋণ আদায় অগ্রগতি সংক্রান্ত তথ্য মাসিক ভিত্তিতে ছক মোতাবেক নিয়মিত ব্যাংক ও বীমা শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর বিনিয়োগকৃত পল্লী প্রকল্প ঋণের খেলাপী ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলাসমূহকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>(খ) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর বিনিয়োগকৃত পল্লী প্রকল্প ঋণের খেলাপী ঋণ আদায় অগ্রগতি সংক্রান্ত তথ্য মাসিক ভিত্তিতে ছক মোতাবেক নিয়মিত ব্যাংক ও বীমা শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)<br><br>-ঐ- |
| ১২. | জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সংশ্লিষ্ট ০৩টি সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত;<br>**ক) স্বল্প মেয়াদীঃ** সমবায় অধিদপ্তর ও পল্লী উন্নয়ন বোর্ডের যৌথ উদ্যোগে নিবন্ধিত সমবায় সমিতির তথ্যাদি হালনাগাদ করা হবে এবং নিবন্ধন প্রক্রিয়াটি যুগোপযোপী করতে হবে। | **অডিট ও আইন**<br>সমবায় অধিদপ্তরের নিরীক্ষা-২ শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য '**সমবায় অধিদপ্তর ও পল্লী উন্নয়ন বোর্ডের যৌথ উদ্যোগে নিবন্ধিত সমবায় সমিতির হালনাগাদ তথ্য**' মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সমবায় অধিদপ্তর ও পল্লী উন্নয়ন বোর্ডের যৌথ উদ্যোগে হালনাগাদ রাখতে হবে। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিরীক্ষা শাখার হতে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ৮ বিভাগীয় যুগ্ম নিবন্ধক বরাবরে পত্র দেয়া হয়েছে। | (ক) মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সমবায় অধিদপ্তর ও পল্লী উন্নয়ন বোর্ডের যৌথ উদ্যোগে নিবন্ধিত সমবায় সমিতির তথ্যাদি হালনাগাদ রাখতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | **খ) মধ্যমেয়াদীঃ** সমবায় সংক্রান্ত আইনসমূহ সংশোধনের মাধ্যমে যুগোপযোগী করে জেলার হাওর লিজ গ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে সমবায় ব্যাংকের সহজ শর্তে ঋণ প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**গ) দীর্ঘ মেয়াদীঃ** উৎপাদন ও চাহিদার মূল্যায়ন করে উপজেলাভিত্তিক দুগ্ধ প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | **কৃষিজ শিল্প শাখাঃ**<br>উপনিবন্ধক (কৃষিজ শিল্প) জানান মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কে পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে বর্ণিত সমিতির ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মতামত প্রদান করেন যে, নেত্রকোনা জেলায় হাওড় লিজ গ্রহণকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ঋণ বিতরণ করা হয়নি। তবে যথাযথ প্রক্রিয়ায় সমিতিগুলো ঋণ প্রাপ্তির আবেদন করলে এবং তা বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ঋণ নীতিমালার আলোকে বিবেচিত হলে ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে ঋণ মঞ্জুরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত মতামতের পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | (খ) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এর সুপারিশ মোতাবেক অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে। | উপ-নিবন্ধক (কৃষিজ শিল্প) |
| | | উৎপাদন ও চাহিদার মূল্যায়ন করে উপজেলাভিত্তিক দুগ্ধ প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (গ) এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি আগামী সভাকে অবহিত করতে হবে। | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| | | জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সংশ্লিষ্ট ০৩টি সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি দ্বি-মাসিক সমন্বয় সভাকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। | (গ) সমবায় বিভাগ সংশ্লিষ্ট ০৩টি সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি দ্বি-মাসিক সমন্বয় সভাকে অবহিত করতে হবে এবং সুপারিশ বাস্তবায়িত হলে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়ে দিতে হবে। | যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন)/ যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন)/ উপ-নিবন্ধক (কৃষিজ শিল্প) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১৩. | বিবিধ: | সমিতি ব্যবস্থাপনা শাখার উদ্যোগে প্রতিবছর জাতীয় সমবায় সমিতিগুলোকে নিয়ে এবং কেন্দ্রীয় সমবায় সমিতিগুলো নিয়ে সভা/সেমিনারের আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে জনাব মোঃ আহসান কবীর, অতিঃ নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে সভাপতি এবং জনাব কাজী মেসবাহ উদ্দিন আহমেদ, যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস) কে সদস্য সচিব করে ৫ সদস্য বিশিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে যৌক্তিক পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সমিতি ব্যবস্থাপনা শাখার উদ্যোগে প্রতিবছর জাতীয় সমবায় সমিতিগুলোকে নিয়ে এবং কেন্দ্রীয় সমবায় সমিতিগুলো নিয়ে সভা/সেমিনারের আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(খ) সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে যৌক্তিক পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাব একটি প্রতিবেদন আকারে দ্রুত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | অতিঃ নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)<br><br>সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের সভা অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় এবং সভায় সৃজনশীল সুপারিশ, আন্তরিকতা ও প্রত্যাশাপূর্ণ হওয়ায় যারা এ সভার আয়োজন করেছে তাদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/১২/2022

(ড. তরুণ কান্তি শিকদার)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৬.০০(৪র্থ খন্ড)৩২৫৭(৫০) স/মূ; তারিখঃ ২২/১২/২০২২ খ্রিঃ

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ</u>

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................... সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। যুগ্ম-নিবন্ধক (সকল)..................................................., সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৬। উপ-নিবন্ধক (সকল) ............................................... সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ (সকল)................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৮। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২২/১২/২০২২
(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।